

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৯৬

১/ বিবিধ

আরবী

كان يحب أن يفطر على ثلاث تمرات، أو شيء لم تصبه النار
ضعيف جدا

رواه العقيلي في "الضعفاء" (ص 251) وأبو يعلى في "مسنده" (1 / 163) واللفظ له
وعنه الضياء في "المختارة" (1 / 49) كلاهما عن أبي ثابت عبد الواحد بن ثابت عن
أنس مرفوعا

قلت: وهذا سند ضعيف جدا عبد الواحد قال البخاري: "منكر الحديث". وقال

العقيلي: "لا يتابع على هذا

الحديث". وذكره الهيثمي في "المجمع" (3 / 155) وقال: "رواه أبو يعلى وفيه عبد

الواحد بن ثابت وهو ضعيف". قلت: وقد أخرجه أبو داود والترمذي وغيرهما من

طريق أخرى عن ثابت عن أنس به أتم منه دون قوله: "أو شيء لم تصبه النار". فهي

زيادة منكرة لتفرد هذا الضعيف بها مخالفا للثقة، وهو ثابت هذا وهو البناني ولفظ

حديثه: "كان يفطر على رطبات قبل أن يصلي، فإن لم تكن رطبات فعلى تمرات، فإن

لم تكن حسا حسوات من ماء". وقال الترمذي: "حديث حسن غريب". وقد خرجت

هذا في "الإرواء" بتفصيل فراجع برقم (904)

বাংলা

৯৯৬। তিনি তিনটি খেজুর দ্বারা ইফতার করাকে ভালবাসতেন কিংবা এমন কিছু দ্বারা যাকে আগুন স্পর্শ করেনি।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি উকায়লী "আয-যোয়াফা" (পৃঃ ২৫১) গ্রন্থে, আবু ইয়াল্লা তার "মুসনাদ" (১/১৬৩) গ্রন্থে (ভাষাটি তারই) এবং তার থেকে যিয়া "আল-মুখতারাহ" (১/৪৯) গ্রন্থে তারা দু'জন আবু ছাবেত আব্দুল ওয়াহেদ ইবনু ছাবেত হতে তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। আব্দুল ওয়াহেদ সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। উকায়লী বলেনঃ এ হাদীছটিতে তার অনুসরণ করা যায় না।

হয়ছামী হাদীছটি "আল-মাজমা" (৩/১৫৫) গ্রন্থে উল্লেখ করে বলেনঃ তাতে আব্দুল ওয়াহেদ রয়েছেন তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটি আবু দাউদ, তিরমিযী ও অন্য বিদ্বানগণ ভিন্ন সূত্রে ছাবেত হতে তিনি আনাস (রাঃ) হতে *لم تصبه النار* 'এমন কিছু দ্বারা যাকে আগুন স্পর্শ করেনি' এ অংশ ব্যতীত বর্ণনা করেছেন। এই বর্ধিত অংশটি মুনকার, দুর্বল বর্ণনাকারী নির্ভরযোগ্য বর্ণনাকারীর বিরোধিতা করে বর্ণনা করার কারণে। নির্ভরযোগ্য বর্ণনাকারী হচ্ছেন ছাবেত আল-বুনানী। তার ভাষা হচ্ছেঃ

'তিনি সালতের পূর্বে কয়েকটি কাঁচা খেজুর দিয়ে ইফতার করতেন। যদি কাঁচা খেজুর না থাকত তাহলে কয়েকটি পাকা খেজুর দিয়ে। যদি তা না থাকত তাহলে কয়েক চুমুক পানি দিয়ে।'

তিরমিযী বলেনঃ হাদীছটি হাসান গারীব।

এটি সম্পর্কে "ইরওয়া" গ্রন্থে (৯০৪) বিস্তারিত আলোচনা করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71875>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন